

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)


স্মারক নং-৩৪.০১.০০০০.০৪০.৪৩.৩০.১৫-১৭৪

তারিখ : ১০-০২-২০১৬ খ্রিঃ

বিষয় : যুব উন্নয়ন অধিদপ্তরধীন 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হাইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)' শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের আইসিটি ট্রেনিং ভ্যানে ১ মার্চ ২০১৬ থেকে একমাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণ শুরু করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরধীন 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হাইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)' শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের অধীনে কম্পিউটার ভ্যানে আপনার জেলাধীন দেবহাটা উপজেলা ১ মার্চ ২০১৬ থেকে একমাসব্যাপী কম্পিউটার প্রশিক্ষণ কোর্সটি শুরু হবে। এক মাস মেয়াদী ৪০ জন প্রশিক্ষণার্থীর ব্যাচটিতে প্রতিদিন ২টি শিফটে (সকালের শিফট সকাল ৯টা - দুপুর ১টা ও বিকালের শিফট দুপুর ১টা - বিকাল ৫টা) ১৮-৩৫ বছর বয়সী সমান সংখ্যক যুবক ও যুব মহিলা (এইচ. এস. সি পাস যুবক ও এস.এস.সি পাস যুব মহিলা) প্রশিক্ষণ গ্রহণের সুযোগ পাবে। প্রকল্পের জনবল নিয়োগ না হওয়া পর্যন্ত জেলা কার্যালয়ধীন সমাপ্ত "বেকার যুবদের কারিগরী প্রশিক্ষণ প্রকল্প (২য়-পর্ব)-এর কম্পিউটার ট্রেনিং সেন্টারের প্রশিক্ষক অথবা সহকারী প্রশিক্ষক-কে দিয়ে উপজেলা পর্যায়ে ১ মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে। প্রশিক্ষকের ১ মাসের সম্মানী বাবদ মোট ২০,০০০/- হাজার টাকা প্রকল্প থেকে প্রদান করা হবে। প্রশিক্ষণ সংক্রান্ত অন্যান্য খরচাদি নিয়ম মোতাবেক প্রকল্প থেকে বহন করা হবে। এ বিষয়ে কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে। উল্লেখ্য, আপনার কার্যালয়ের ০২-০২-২০১৬ খ্রিঃ তারিখের ৩৪.০১.৮৭০০.০০০.৩৮.৬২৪.১৫-১১১ সংখ্যক পত্রের মাধ্যমে প্রেরিত দেবহাটা উপজেলার ৪০ জন আত্মহী যুবক ও যুব মহিলার তালিকা পাওয়া গেছে।

ঢাকা মেট্রো-ঝ-১৪-০১০৫ আইসিটি ট্রেনিং ভ্যানটি (প্রশিক্ষণ সরঞ্জামাদির/মালামালের তালিকা সংযুক্ত) এক মাসের জন্য একটি সুবিধাজনক ও নিরাপদ স্থানে (যেখান থেকে বৈদ্যুতিক সংযোগ পাওয়া সহজ হবে) রাখতে হবে। প্রধান কার্যালয় সংযুক্ত গাড়ীচালক জনাব মোঃ আসলাম হোসেন আইসিটি ট্রেনিং ভ্যানটি চালাবেন। এ বিষয়ে জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে যোগাযোগ রক্ষা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের পরামর্শ দেয়া হলো।

  
(আবুল হাছান খান)

যুগ্ম-সচিব  
প্রকল্প পরিচালক (অঃ দাঃ)  
টেকাব প্রকল্প  
ফোন ৯৫৬০৭০৩।

প্রাপকঃ  
উপ-পরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর  
সাতক্ষীরা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ০১। পরিচালক, প্রশাসন ও অর্থ/পরিচালনা/প্রশিক্ষণ/বাস্তবায়ন/দায়বিঃওঋণ, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপ-সচিব (যুব-২)/উপ-প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ০৪। পুলিশ সুপার, সাতক্ষীরা।
- ০৫। উপজেলা চেয়ারম্যান, দেবহাটা, সাতক্ষীরা।
- ০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা।
- ০৮। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে পত্রটি ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা।
- ১০। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা। তাঁকে ঢাকা মেট্রো-ঝ ১৪-০১০৫ আইসিটি ট্রেনিং ভ্যান ও আনুষঙ্গিক মালামাল গ্রহণ পূর্বক উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সাতক্ষীরা-এর সাথে যোগাযোগ রেখে ভ্যানটির সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতঃ কম্পিউটার প্রশিক্ষণ কোর্স বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১২। জনাব মোঃ আসলাম হোসেন, গাড়ীচালক (মূল কর্মস্থল যুব প্রশিক্ষণ কেন্দ্র, নারায়ণগঞ্জ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে ঢাকা মেট্রো-ঝ ১৪-০১০৫ আইসিটি ট্রেনিং ভ্যানটি (আনুষঙ্গিক মালামালসহ) সাতক্ষীরা জেলার দেবহাটা উপজেলায় নিয়ে প্রশিক্ষণ কার্যক্রমে সহায়তা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ১৩। অফিস কপি।